63

দৈনিক ইত্তেফাক

তারিখ ...1·3 AUG-1994
পৃষ্ঠা ৩ কলাম ২

# শরীয়তপুরের ৬০টি মাধ্যমিক ও ১৯টি জুনিয়র হাইস্কুলে নানা সমস্যা

শরীয়তপুর সংবাদদাতা ॥ জেলা সদরসহ ৬টি থানার ৬০টি মাধ্যমিক বিদ্যালয় ও ১৯টি জুনিয়র হাইস্কুলে বিবিধ সমস্যায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। শহর ও গ্রামাঞ্চলে প্রয়োজনীয় সংখ্যক বিদ্যালয়ের অভাব, ভর্তি সমস্যা, সংস্কার বিহীন জরাজীর্ণ বিদ্যালয়, খেলার মাঠ, মানবিক ও বিজ্ঞান বিভাগের শিক্ষা উপকরণ ও যন্ত্রপাতির অভাব, লাইব্রেরীর দৈন্যদশা, মিলনায়তন, পাঠাগারের অভাব, প্রাইভেট টিউশনির আধিক্য সর্বোপরি বৈষম্যমূলক শিক্ষা ব্যবস্থার দরুন জেলার ছাত্র-ছাত্রীরা প্রতিনিয়ত ভোগান্তির শিকার হইতেছে। জেলার ২টি সরকারী মাধ্যমিক বিদ্যালয় ছাড়া বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও জুনিয়র হাইস্কুলগুলিতে শিক্ষার হার হতাশাব্যঞ্জক। ইহাছাড়া ম্যানেজিং কমিটি ও শিক্ষকমণ্ডলীর মধ্যে সুসম্পর্কের অভাবে গ্রামের বিদ্যালয়গুলিতে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হইতেছে। অনেক মাধ্যমিক বিদ্যালয়ে মিলনায়তন নাই। বেশীর ভাগ বিদ্যালয়ে বৈজ্ঞানিক যন্ত্রপাতির অভাবে মৌখিক পরীক্ষা নেওয়া হয়। কোন কোন বিদ্যালয়ে স্বাস্থ্য-চর্চা শিক্ষকের অভাব রহিয়াছে। একশ্রেণীর শিক্ষক বিশেষ করিয়া ইংরেজী ও অঙ্ক শিক্ষকগণ টিউশনির নামে বাড়ীতে অথবা স্কুল বসার পূর্বে ও ছুটির পরে শ্রেণীকক্ষে বিভিন্ন শ্রেণীর ২০/২৫ জন ছাত্র নিয়া মিনি স্কুল বসান।